

উজবেকিস্তান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

০১লা ডিসেম্বর, ২০২৩

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১ ডিসেম্বর ২০২৩ তারিখে সংযুক্ত আরব আমিরাতে কপ-২৮ শীর্ষ সম্মেলনের ফাঁকে উজবেকিস্তান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য মিঃ শওকত মিরজিয়োয়েভের সঙ্গে সাক্ষাৎ করেন।

২. প্রধানমন্ত্রী ভয়েস অফ গ্লোবাল সাউথ শীর্ষ সম্মেলনে উজবেকিস্তানের অংশগ্রহণের জন্য রাষ্ট্রপতি মিরজিয়োয়েভকে ধন্যবাদ জানান।

৩. উভয় নেতা স্বাস্থ্য, শিক্ষা, ফার্মাসিউটিক্যালস এবং ঐতিহ্যবাহী চিকিৎসা ক্ষেত্রে তাদের বিস্তৃত দ্বিপাক্ষিক সম্পর্ক গভীর করার বিষয়ে মতবিনিময় করেন। উজবেকিস্তানের সঙ্গে আমাদের উন্নয়ন অংশীদারিত্ব সম্প্রসারণে ভারতের সমর্থনের আশ্বাসও দেন প্রধানমন্ত্রী।

দুবাই

০১লা ডিসেম্বর, ২০২৩